২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
উপজেলা প্রকৌশলীর কার্যালয়
বানিয়াচং, হবিগঞ্জ।

স্মারক নংঃ-

তারিখঃ০৪ /০৮/২০২১খ্রিঃ

বিষয়ঃ " **যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটি** " স্থায়ী কমিটির জুলাই/ আগস্ট-২১ মাসের সভায় উপস্থিত থাকা প্রসঙ্গে।

উপর্যক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১৫.০৮.২১খ্রিঃ বেলা ০২.০০ঘটিকায় বানিয়াচং উপজেলা পরিষদের **"যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটি"** বিষয়ক স্থায়ী কমিটির সভা উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ ফারুক আমীন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বানিয়াচং, হবিগঞ্জ।

নির্ধারিত সময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

৪/৮/২১
(মোঃ মিনারুল ইসলাম)
উপজেলা প্রকৌশলী
ও
সদস্য সচিব
" **যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটি** "
বানিয়াচং, হবিগঞ্জ।

## "উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটি"এর সভার কার্য বিবরনী

সভাপতি ঃ জনাব মোঃ ফারুক আমীন, ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বানিয়াচং, হবিগঞ্জ।

তারিখ ঃ ১৫/০৮/২০২১খ্রিঃ

স্থান ঃ সভাপতির কার্যালয়, উপজেলা পরিষদ, বানিয়াচং।

### সভায় উপস্থিত সদস্যবৃন্দ

| ক্রমিক নং | নাম | পদবী |
|---|---|---|
| ১ | চেয়ারম্যান ০৭ নং বড়ইউড়ি ইউ.পি | সদস্য |
| ২ | চেয়ারম্যান ১১ নং মক্রমপুর ইউ.পি | সদস্য |
| ৩ | চেয়ারম্যান ০৬ নং কাগাপাশা ইউ.পি | সদস্য |
| ৪ | উপজেলা প্রকৌশলী, বানিয়াচং, হবিগঞ্জ। | সদস্য সচিব |

সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কার্য শুরু করেন। অতপরঃ অত্র কমিটির সকল সদস্যদের সাথে আলোচনাক্রমে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১। দাপ্তরিক কার্যক্রম | ০১। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, অফিসের কার্যক্রম সঠিকভাবে চলছে। তিনি আরো জানান যে, করোনা পরিস্তিতিতে সরকার কর্তৃক নির্দেশনা মোতাবেক অফিসের কার্যক্রম চলমান রয়েছে।<br><br>০২। সভাপতি সভায়, বানিয়াচং উপজেলা পরিষদের নবনির্মিত প্রশাসনিক ভবনের উপজেলা পরিষদ চেয়ারম্যানের অফিস কক্ষ, উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ, উপজেলা প্রকৌশলীর অফিস কক্ষ, উপজেলা পরিষদের সভা কক্ষ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয়ের অফিস কক্ষগুলো রাজস্ব তহবিলের অর্থে এন্টিরিওর ডিজাইন দ্বারা সৌন্দর্য বর্ধনের জন্য উপজেলা প্রকৌশলীর প্রস্তুতকৃত প্রাক্কলনটি সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত প্রাক্কলনটি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে প্রাক্কলনটি অনুমোদনের নিমিত্তে উপজেলা পরিষদের আগামী মাসিক সভায় সুপারিশ করার জন্য সদস্য সচিবকে অনুরোধ জানানো হয়। প্রকল্পের প্রাক্কলন বিবরণ নিম্নরূপঃ | **সিদ্ধান্ত ০২ ঃ** বিস্তারিত আলোচনান্তে প্রাক্কলনটি অনুমোদনের নিমিত্তে উপজেলা পরিষদের আগামী মাসিক সভায় সুপারিশ করার জন্য সদস্য সচিবকে অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, বানিয়াচং, হবিগঞ্জ। |

| ক্রঃ নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|
| ০১ | **উপজেলা পরিষদের চেয়ারম্যানের অফিস কক্ষ** | ৪,০০,০০০/- |
| ০২ | **উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ** | ৩,০০,০০০/- |
| ০৩ | **উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান দ্বয়ের অফিস কক্ষ** | ৩,০০,০০০/- |
| ০৪ | **উপজেলা প্রকৌশলীর অফিস কক্ষ** | ১,০০,০০০/- |
| ০৫ | **উপজেলা পরিষদের সভা কক্ষ** | ৩,০০,০০০/- |
| | **সর্বমোট টাকা** | ১৪,০০,০০০/- |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ফারুক আমীন)
সভাপতি
**যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটি**
ভাইস চেয়ারম্যান
বানিয়াচং উপজেলা পরিষদ

স্মারক নং-

তারিখ ঃ ১৫০৮.২০২১খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরন করা হইল ঃ

১। উপজেলা চেয়ারম্যান, বানিয়াচং উপজেলা পরিষদ, বানিয়াচং, হবিগঞ্জ।
২। উপজেলা নির্বাহী অফিসার, বানিয়াচং, হবিগঞ্জ।
৩। অফিস নথি।

উপজেলা প্রকৌশলী
বানিয়াচং, হবিগঞ্জ।

সভায় উপস্থিতির হাজিরা

| ক্রমিক নং | নাম | স্বাক্ষর |
|---|---|---|
| ১ | চেয়ারম্যান ০৭ নং বড়ইউড়ি ইউ.পি | |
| ২ | চেয়ারম্যান ১১ নং মক্রমপুর ইউ.পি | |
| ৩ | চেয়ারম্যান ০৬ নং কাগাপাশা ইউ.পি | |
| ৪ | উপজেলা প্রকৌশলী, বানিয়াচং, হবিগঞ্জ। | |